ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২০১৭</u>
বিলোনীয়া, ৩০ জুলাই, ২০২৫

**দক্ষিণ ত্রিপুরা জেলায় ৫৪,৭০৮ জন সামাজিক ভাতায় উপকৃত**

দক্ষিণ ত্রিপুরা জেলায় বর্তমানে মোট ৫৪ হাজার ৭০৮ জন সুবিধাভোগী রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা ভাতায় উপকৃত হচ্ছেন। এরমধ্যে বি সি নগর ও রাজনগর ব্লকে ১০ হাজার ৬৭৯ জন, রূপাইছড়ি ব্লকে ২ হাজার ৮৪৪ জন, সাতচাঁদ ও পোয়াংবাড়ি ব্লকে ১১ হাজার ২২ জন, বকাফা ব্লক ও শান্তিরবাজার পুর পরিষদ এলাকায় ৭ হাজার ৯১০ জন, ঋষ্যমুখ ব্লকে ৭ হাজার ৭১৭ জন, সাব্রুম নগর পঞ্চায়েত এলাকায় ৫৯২ জন, জোলাইবাড়ি ব্লকে ১০ হাজার ৯৪৩ জন এবং বিলোনীয়া পুর পরিষদ এলাকায় ৩ হাজার ১ জন রয়েছেন। বিলোনীয়াস্থিত সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

********